



দূর্গাপূজার প্রদর্শনীর কার্যক্রমঃ

স্বাপ্নিক পরিবারের নিজস্ব সকল কার্যাবলি ও এলাকবাসীর হাতের সুনিপুন কাজের কারুকার্য সকলের সামনে তুলে ধরার জন্য প্রতিবারের ন্যায় এবারও প্রদর্শিত হলো স্বাপ্নিক আয়োজিত স্বপ্নের হাট। এই কার্যক্রমের মাধ্যমে আমরা আমাদের এলাকা এবং অন্য এলাকার অনেক গুনি জনের কাজ কর্ম সকলের সামনে তুলে ধরি। যার মাধ্যমে তৈরি হয় এক বিশাল মিলন মেলা। একই সাথে স্বাপ্নিক আয়োজন করে মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান “শারদ সন্ধ্যার”। অনুষ্ঠানের শেষ আকর্ষণ ছিলো স্বাপ্নিকের সদস্য তথা স্বাপ্নিক পরিবার কতৃক অভিনিত শর্ট ফিল্ম “চলো পাল্টাই”। যা উক্ত অনুষ্ঠানের মাধ্যমেই প্রথম প্রকাশিত হয়। এছাড়াও পুরস্কৃত করা হয় অদম্য ব্যক্তিত্বকে এবং বরণ করে নেওয়া হয় নতুন সদস্যদের।

দূর্গাপূজার প্রদর্শনী কার্যক্রমের সকল অর্থ আমাদের স্বাপ্নিকের নিজস্ব তহবিল থেকে ব্যয় করা হয়। আমাদের এই কার্যক্রমের প্রকল্প সমন্বয়কের দায়িত্ব পালন করেন নির্বাহী বিশ্বাস এবং তার সহকারী হিসেবে ছিলেন সুদীপ রায় এবং অংকন রায়। তাদের সাহায্য ও সহযোগিতায় আমাদের উক্ত কার্যক্রমটি সুষ্ঠু ভাবে সম্পন্ন হয়। এবং উক্ত প্রকল্পে স্বাপ্নিকের সকল সদস্য স্বতঃস্ফূর্ত ভাবে অংশগ্রহণ করে।

আমাদের প্রদর্শনী কার্যক্রমটি পরিচালনার জন্য ৮০০০ টাকা বাজেট পাশ করা হয়। কিন্তু কার্যক্রমটি সম্পন্ন করতে মোট খরচ হয় ৭৯৬০ টাকা। অবশিষ্ট টাকা স্বাপ্নিকের নিজস্ব ফান্ডে জমা দেওয়া হয়।

সর্বোপরি বলা যায়, স্বাপ্নিক পরিবার সর্বদা মানুষের পাশে থেকে মানুষকে নতুন করে বাঁচার স্বপ্ন দেখার সুখ-দুঃখ ভাগাভাগি করে নেয়।

প্রতিবেদক

চিরঞ্জিত বিশ্বাস

২২/১১/২০২১

তথ্য ও নথি সংরক্ষণ নির্বাহী

সিটয়ারিং কমিটি, স্বাপ্নিক